

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 20-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Tripura Statehood Day :

আগামীকাল পালিত হবে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে এবছরও সমাজের বিশিষ্টজনদের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য রাজ্য নাগরিক পুরস্কার এবং স্টেটহুড ডে পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করা হয়েছে। আগামীকাল এই পুরস্কারগুলি প্রদান করা হবে। রাজ্য নাগরিক পুরস্কারের মধ্যে ত্রিপুরা বিভূষণ সম্মান প্রদান করা হবে শিক্ষাবিদ প্রয়াত ধীরেন্দ্র চন্দ্র দত্তকে (মরণোত্তর), ত্রিপুরা ভূষণ সম্মান প্রদান করা হবে রাজ্য বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেন (মরণোত্তর) এবং বিশিষ্ট চিত্রনাট্য লেখক বিপ্লব গোস্বামীকে, শচীন দেববর্মণ স্মৃতি রাজ্য সম্মান প্রদান করা হবে বিশিষ্ট লোকশিল্পী সূর্য কুমার দেববর্মাকে, মহারাণী কাঞ্চনপ্রভা দেবী স্মৃতি রাজ্য সম্মান প্রদান করা হবে কামালঘাটের চম্পা দাসকে এবং বিজ্ঞান ও পরিবেশ সংক্রান্ত কার্যাবলীর জন্য স্টেট অ্যাওয়ার্ড দেওয়া হবে বীরবিক্রম মেমোরিয়াল কলেজের অ্যাসোসিয়েট প্রফেসর এবং এইচ.ও.ডি. ড. অরিজিৎ দাসকে। এছাড়াও অনুষ্ঠানে স্টেটহুড ডে অ্যাওয়ার্ডে গুড সিটিজেন অ্যাওয়ার্ড প্রদান করা হবে পূর্ব প্রতাপগড়ের গৌতম দাসকে। এছাড়া শ্রেষ্ঠ শিক্ষাবিদ হিসেবে বিলোনীয়ার লক্ষ্মণ মালাকারকে, শ্রেষ্ঠ ক্রীড়াবিদ হিসেবে নতুননগরের শ্রীপর্ণা দেবনাথকে স্টেটহুড ডে অ্যাওয়ার্ড দেওয়া হবে।

Aal Nahiyon :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান সীমান্তবর্তী সন্ত্রাসবাদ সহ সকল ধরনের সন্ত্রাসবাদের নিন্দা জানিয়েছেন। উভয় নেতা জোর দিয়ে বলেছেন যে কোনও দেশেরই সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন, পরিকল্পনা, সমর্থন বা সংঘটিত ব্যক্তিদের নিরাপদ আশ্রয় দেওয়া উচিত নয়। সন্ত্রাসবাদে অর্থায়ন রোধ এবং অর্থ পাচার বিরোধী প্রচেষ্টা জোরদার করার জন্য আর্থিক কর্মকাণ্ডের টাঙ্ক ফোর্সের কাঠামোর মধ্যে সহযোগিতা অব্যাহত রাখতে উভয় নেতা সম্মত হয়েছেন। তিনি গতকাল নতুনদিল্লি পৌঁছেছেন। রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর সরকারীভাবে এটি তাঁর তৃতীয় এবং গত এক দশকে পঞ্চমবার ভারত সফর।

BV G RAM G :

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান অভিযোগ করেছেন বিকশিত ভারত জি রাম জি আইন নিয়ে কংগ্রেস, দেশের মানুষকে বিভ্রান্ত করছে। গতকাল নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী চৌহান বলেন, মনরেগা-র অধীনে কংগ্রেস যে অধিকার দিয়েছিল, তা কেবল কাগজেই সীমাবদ্ধ ছিল। কংগ্রেস তার ধারণা, আদর্শ এবং নীতি পরিত্যাগ করেছে এবং দেশের উন্নয়ন বা দরিদ্রদের কল্যাণের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই বলেও মন্ত্রী অভিযোগ করেন।

Byte-Shivraj Singh Chouhan

এই আইন সারা দেশে বাস্তবায়িত হবে এবং প্রতিটি গ্রাম পঞ্চায়েত এর আওতায় আসবে। তিনি বলেন, এই আইনটি প্রতিটি গ্রামীণ পরিবারকে আগের ১০০ দিনের পরিবর্তে কমপক্ষে ১২৫ দিনের মজুরিভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা দেয়।

BJP-President :

বিজেপির কার্যকরী সভাপতি নীতিন নবীন দলের নতুন সভাপতি হতে চলেছেন। দলের জাতীয় রিটার্নিং অফিসার ডঃ কে. লক্ষ্মণ ঘোষণা করেছেন বিজেপির জাতীয় সভাপতি পদের জন্য কেবল নীতিন নবীনের নাম প্রস্তাব করা হয়েছে। নতুন জাতীয় সভাপতি হিসেবে তার নির্বাচনের আনুষ্ঠানিক ঘোষণা আজ করা হবে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন।

Cyber Awareness South :

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ গতকাল দক্ষিণ জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে বিলোনিয়া টাউন হলে এক সাইবার সচেতনতা সভার উদ্বোধন করেন। সভায় জেলার ১৫৭টি স্কুলের শিক্ষক, ছাত্রছাত্রীরা অংশ নেয়। জেলা পুলিশ সুপার মোর্শ কৃষ্ণ চন্দ্র শেখর পাওয়ার পয়েন্টের মাধ্যমে সাইবার অপরাধ সম্পর্কে সকলকে অবহিত করেন।

Band Show :

প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গতকাল অমরপুরের ছবিমুড়ায় গোমতি নদীর তীরে এক ব্যান্ড শো প্রদর্শনী আয়োজন করা হয়। ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রক আয়োজিত এই ব্যান্ড শো-তে অংশ গ্রহণ করেন টি.এস.আর পঞ্চম ব্যাটেলিয়ান এবং বি.এস.এফের ১০৮ ব্যাটেলিয়ান এর জওয়ানরা।

উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা প্রমুখ।

IMF :

আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) ২০২৫ সালের জন্য ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস ০.৭ শতাংশ পয়েন্ট বাড়িয়ে ৭.৩ শতাংশ করেছে। বিশ্ব অর্থনৈতিক আউটলুক আপডেটে, IMF বলেছে যে উর্ধ্বমুখী সংশোধন এই অর্থবছরের চতুর্থ প্রান্তিকে শক্তিশালী গতির প্রতিফলন। এদিকে, IMF ২০২৬-২০২৭ সালের পরবর্তী অর্থবছরে ৬.৪ শতাংশ প্রবৃদ্ধির পূর্বাভাস দিয়েছে।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৯ ডিগ্রি সেলসিয়াস।
